দৈনিক বাংলা

23

তারিখ ... 05 MAY 1995 ...
পৃষ্ঠা ৮ কলাম ৪ ...

# ঢাকা ভার্সিটি সিনেট ঃ নীল প্যানেল বিজয়ী

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সিনেটে ২৫ জন রেজিস্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধি নির্বাচনের বেসরকারী ফলে জানা গেছে নির্বাচনে আওয়ামী লীগ ও বাম সংগঠন সমর্থিত নীল প্যানেল পূর্ণ প্যানেলে বিজয়ী হয়েছে।

বিজয়ী প্যানেলের সর্বোচ্চ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয় গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারম্যান ডঃ আ আ ম স আরেফিন সিদ্দিক। তিনি পেয়েছেন ২১৭২ ভোট। এছাড়া একেএম শামসুজ্জামান খান ১৮১৫ ভোট, এ এম ইসমত কাদীর গামা ১৮০১ ভোট, ডঃ এটিএম নুরুর রহমান খান ১৮৩৮ ভোট, প্রফেসর আবদুল মান্নান চৌধুরী ২০০৭ ভোট, আফরোজান নাহার (এ এন রাশেদা) ১৭৭১, বেগম খালেদা হাবিব ১৭৫৭, প্রফেসর মে. আকতারুজ্জামান ১৮০২, মাহফুজা খানম ১৮২৫, এমডি আবদুস সালাম তালুকদার ১৬১৫, ডঃ মোঃ এনামুল হক ১৮০২, মোঃ অহিদুজ্জামান চান ১৬০৯, মোঃ আজিজুল ইসলাম ভুইয়া ১৫১৫, মোঃ এনামুল হক ১৫২৭, মোঃ হাবিবুর রহমান খান ১৫২১, ডঃ মোঃ হারুন-অর-রশীদ ১৮৯২, মোঃ মঞ্জুরুল ইসলাম ১৩৯৮, মোঃ শাহজালাল মজুমদার ১৪২২, মোহাম্মদ ওজায়ের ফারুক ১৫৩৫, নীলুফার বেগম ১৭৩৭, কাজী আকরাম উদ্দীন আহমেদ ১৫৬৭, রামেন্দু কৃষ্ণ মজুমদার ১৯২৯, সৈয়দ আহমেদ ১৬২৮, ডঃ সৈয়দ মোদাসসের আলী ১৮৩৭ ও সৈয়দ রেজাউর রহমান ১৬৩৮ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন।

নিকটতম প্রতিদ্বন্দ্বী বিএনপি সমর্থিত প্যানেলের সর্বোচ্চ ভোট পেয়েছেন মোঃ জাকীউদ্দীন আহমেদ, গিয়াস কামাল চৌধুরী ও হামিদা আলী।

নির্বাচনে তিনটি প্যানেলসহ ১৬০ জন প্রার্থী অংশ গ্রহণ করে। বিএনপি সমর্থিত সাদা প্যানেল ছাড়াও জামায়াত ও জাতীয় পার্টি সমর্থিত অপর একটি প্যানেল অংশগ্রহণ করে।

গত বুধবার ভোর তিনটা পর্যন্ত ভোট গননা চলে। আগামীকাল ৬ মে দুপুর তিনটায় নির্বাচনের ফল আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা হবে।